

“বিজ্ঞপ্তি”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ০৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রী (পাস) ১ম বর্ষে বিএ/বিএসএস/বিবিএস/বিএসসি (পাস) কোর্সের ১ম রিলিজ স্লিপের মেধা তালিকার ভর্তি আগামী ১৪/১২/২০২৩খ্রি. হতে ১৯/১২/২০২৩খ্রি. সকাল ১০ টা হতে দুপুর ০২ টা পর্যন্ত ভর্তি চলবে।

উল্লেখ্য যে, ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ভর্তি ফি নিম্নরূপ

- ১। বিএ/বিএসএস/বিবিএস (পাস) কোর্স - ৩১০০ টাকা
- ২। বিএসসি (পাস) কোর্স - ৩২০০ টাকা

❖ ভর্তির টাকা- টাকা ব্যাংক, চৌমুহনী পূর্ব বাজার শাখায় জমা দিতে হবে।

ভর্তি সময় নিম্নেবর্ণিত কাগজপত্র সকাল ১০টা থেকে দুপুর ০২টার মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।

- ১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বর পত্র ও মূল প্রশংসা পত্র।
- ২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বর পত্র, প্রশংসা পত্র, প্রত্যেকটির ০২ (দুই) কপি করে ফটোকপি।
- ৩। ডাউনলোডকৃত ভর্তির ফরম ০২ (দুই) কপি।
- ৪। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি।
- ৫। ব্যাংকে টাকা জমা দেওয়ার রশিদ ০১ কপি।

অধ্যক্ষ ১৬/১২/২৩

চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ
বেগমগঞ্জ, নোয়াখালী।
চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ
বেগমগঞ্জ, নোয়াখালী।